

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮৯.১৮-

২২৪৭

তারিখ

২৩
২৩

কার্তিক, ১৪২৫।

নভেম্বর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ১১৬৭৩/২০১৮ জনাব সাদ্দাম হোসেন, পিতা-ইদ্রিস তপদার, গ্রাম-মদনেরগাঁও, ফরিদগঞ্জ জেলা-চাঁদপুর বনাম সরকার মামলার দফাওয়ারী ইংরেজী/বাংলা জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব সাদ্দাম হোসেন, পিতা-ইদ্রিস তপদার, গ্রাম-মদনেরগাঁও, থানা-ফরিদগঞ্জ জেলা-চাঁদপুর মদনেরগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম প্রহরী পদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং ২য় স্থান অধিকার করেন। উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী জনাব নাজমুল হাসান ১ম স্থান অধিকার করায় উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর তাঁকে নিয়োগের জন্য অনুমোদন দেন। কিন্তু তাঁর জন্ম সনদ জালিয়াতির মাধ্যমে বয়স কম দেখিয়ে নিয়োগ পাওয়ায় বাদী সংক্ষুব্ধ হয়ে উক্ত পদে নিয়োগের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১১৬৭৩/২০১৮ দায়ের করেন।

২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ১১৬৭৩/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১১৬৭৩/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী/বাংলা জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্নে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।

২। ওকালতনামা ০১(এক) খানা।

৩। ক্ষমতাপর্নপত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

চাঁদপুর।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮৯.১৮-

২২৪৭/১৩

তারিখ

২৩
২৩

কার্তিক, ১৪২৫।

নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

(মোঃ আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)